# গবেষণায় আপনার অধিকার: জোরপূর্বক অভিবাসন সংক্রান্ত গবেষণায় অংশগ্রহণকারী ব্যক্তিদের জন্য একটি তথ্যপত্র

কোনো গবেষণা প্রকল্পে অংশগ্রহণ করাটা আপনাকে আপনার বক্তব্য শোনানোর সুযোগ করে দেয়, কিন্তু এটি অসুবিধাজনকও হতে পারে, আপনার সময় বা অর্থ খরচ হতে পারে, এবং/অথবা আপনার শারীরিক বা মানসিকভাবে অস্বস্তিবোধ করার কারণ হতে পারে। এই তথ্যপত্রে গুরুত্বপূর্ণ পরিভাষা সম্পর্কে ব্যাখ্যা করা হয়েছে এবং আপনার অধিকার সম্পর্কে ধারণা দেয়া হয়েছে।

*স্বেচ্ছামূলক, অবহিত সম্মতি*



এর অর্থ হলো আপনি কোনো গবেষণা প্রকল্পে অংশগ্রহণ করতে চান কিনা সে সিদ্ধান্ত শুধু আপনিই নিতে পারেন। চলুন আরো ব্যাখ্যা করা যাক।

*স্বেচ্ছামূলক* অর্থ হলো আপনি নিজে স্বাধীনভাবে সিদ্ধান্ত নিতে পারবেন—অংশগ্রহণ না করার জন্য কোনো শাস্তি হবে না এবং অংশগ্রহণ করতে সম্মত হলে কোনো বড় ধরনের সুবিধা (যেমন মোটা অংকের অর্থ) পাওয়া যাবে না।

- অংশগ্রহণ করতে অস্বীকৃতি জানানোর ফলে আপনাকে পণ্য বা সেবা দিতে অস্বীকৃতি জানানো যাবে না।
- এমনকি যদি কোনো ব্যক্তি, সরকারি কর্মকর্তা, বা সংস্থা আপনাকে গবেষণায় অংশগ্রহণ করার পরামর্শ দিয়ে থাকে, তবুও আপনি তা করতে বাধ্য নন। আপনি অংশগ্রহণ না করলেও একই ধরনের সেবা ও সংস্থানসমূহ পাওয়ার অধিকারী থাকবেন।

© Christina Clark-Kazak, 2021. Translation by Access Alliance Language Services. CC BY-NC-SA 4.0.

***অবহিত*** অর্থ হলো গবেষণাটি কি নিয়ে, আপনাকে কি করতে বলা হবে, এবং অংশগ্রহণ করার সম্ভাব্য সুফল ও ঝুঁকিগুলো কি কি সে সম্পর্কে আপনার জানার অধিকার রয়েছে।

- গবেষণায় কি পরিমাণ সময় লাগবে এবং আপনার ঠিক কি করণীয় সে সম্পর্কে আপনার জিজ্ঞেস করা উচিত।
- গবেষণাটি কিভাবে কিভাবে অন্যদের জানানো হবে এবং কিভাবে গবেষণার ফলাফল আপনি জানতে পারবেন সে সম্পর্কে জানার অধিকার আপনার রয়েছে।
- আপনার বোধগম্য একটি ভাষায় এই তথ্য জানারঅধিকার আপনার রয়েছে। প্রয়োজন হলে আপনি দোভাষী বা অনুবাদ চাইতে পারেন।
- আপনার কোনো প্রশ্ন বা উদ্বেগ থাকলে যাতে আপনি যোগাযোগ করতে পারেন সেজন্য গবেষকের অবশ্যই আপনাকে যোগাযোগের তথ্য প্রদান করবেন । আপনি যদি পরবর্তী কোনো সময়ে গবেষণা থেকে বের হয়ে যেতে চান সেক্ষেত্রেও এই যোগাযোগের তথ্য ব্যবহার করা যাবে।
- যেকোনো সময় প্রশ্ন জিজ্ঞেস করার অধিকার আপনার রয়েছে।

***সম্মতি*** অর্থ হলো আপনি সুস্পষ্টভাবে অংশগ্রহণ করতে রাজি হচ্ছেন।

- অন্য কেউ আপনার পক্ষে সম্মতি দিতে পারবে না (অপ্রাপ্তবয়স্কদের ক্ষেত্রে অথবা সীমিত বুদ্ধিভিত্তিক সক্ষমতাসম্পন্ন প্রাপ্তবয়স্ক ব্যক্তিদের ক্ষেত্রে ছাড়া; এসব ক্ষেত্রে সম্মতি প্রদান সম্পর্কিত তথ্যের জন্য নিচে দেখুন)।
- সাধারণত, আপনি গবেষণায় অংশগ্রহণের জন্য সম্মতি দিয়েছেন তা আনুষ্ঠানিকভাবে দেখানোর জন্য আপনাকে একটি ফরমে স্বাক্ষর করতে বলা হবে। সেটিতে স্বাক্ষর করবেন কিনা সে সিদ্ধান্ত নেয়ার আগে আপনার আত্মীয়-স্বজন, বন্ধু-বান্ধব, সেটেলমেন্ট কর্মী, অথবা অন্য কোনো ব্যক্তির

© Christina Clark-Kazak, 2021. Translation by Access Alliance Language Services. CC BY-NC-SA 4.0. 

সাথে ফরমটি সম্পর্কে আলোচনা করার অধিকার আপনার রয়েছে৷ আপনার স্বাক্ষরকৃত ফরমের একটি কপি গবেষক আপনাকে দিবেন৷

- আপনি শ্রেয় মনে করলে, আপনি এর পরিবর্তে মৌখিকভাবে সম্মতি দেয়ার জন্য বলতে পারেন। গবেষকের রিসার্চ ইথিকস বোর্ডের (REB) বাধ্যবাধকতার ভিত্তিতে এটি সবসময় সম্ভব হয় না।[1]
- আপনি যেকোনো সময় গবেষণা থেকে বের হয়ে যেতে পারবেন—আপনি কোনো গবেষণা শেষ করতে বাধ্য নন। যদি আপনি বের হয়ে যাওয়ার সিদ্ধান্ত নেন, আপনার কোনো তথ্য যাতে ব্যবহার করা না হয় তা দাবি করার অধিকার আপনার রয়েছে।
- আপনি সুনির্দিষ্ট কোনো প্রশ্নের উত্তর দিতে অথবা গবেষণার কোনো সুনির্দিষ্ট বিষয়ে অংশ নিতেও অস্বীকৃতি জানাতে পারেন।

***অনুমোদন*** অর্থ হলো প্রাপ্তবয়স্ক হওয়ার বয়সের চেয়ে কম বয়সী অথবা সীমিত বুদ্ধিভিত্তিক সক্ষমতাসম্পন্ন কোনো ব্যক্তি অংশগ্রহণ করতে সম্মতি দিচ্ছেন। এসব ক্ষেত্রে, গবেষণার ক্ষেত্রে অগ্রসর হওয়ার জন্য একজন বাবা-মা বা অভিভাবকের অনুমতি দেয়াও আবশ্যক হয়। অন্য কথায়, এটির জন্য সম্মতি ও অনুমোদন উভয়টি আবশ্যক।



*আপনার একান্ততা (Privacy) ও গোপনীয়তার (Confidentiality)* অধিকার অর্থ হলো কোনো গবেষক আপনার সুস্পষ্ট অনুমতি ছাড়া আপনাকে বা আপনার উত্তরগুলো শনাক্ত করতে পারবেন না। ভেবে দেখার মতো কিছু বিষয়:

[1] রিসার্চ ইথিকস বোর্ড (REB) হলো গবেষকের প্রতিষ্ঠানের একটি কমিটি, গবেষক যাতে এই ডকুমেন্টে ব্যাখ্যা করা নৈতিক মূলনীতিসমূহ মেনে চলেন তা নিশ্চিত করতে এই কমিটি গবেষণা প্রকল্পগুলো পর্যালোচনা করে থাকে। REB গবেষণাতে আপনার অধিকার সমুন্নত রাখতে কাজ করবে।

© Christina Clark-Kazak, 2021. Translation by Access Alliance Language Services. CC BY-NC-SA 4.0. 

***একান্ততা* (Privacy) হলো অনধিকারপ্রবেশ বা হস্তক্ষেপ থেকে মুক্ত থাকার অধিকার এবং নিজের সাথে সম্পর্কিত তথ্য নিয়ন্ত্রণের অধিকার ।**

- যেখানে অন্যরা আপনাকে চিনে ফেলার এবং আপনি গবেষণায় অংশগ্রহণ করছেন তা জেনে যাওয়ার সম্ভাবনা নেই এমন একটি গোপন ও নিরাপদ স্থানে গবেষণা পরিচালনা করতে বলার অধিকার আপনার রয়েছে।
- গবেষণালব্ধ তথ্যের মধ্যে আপনাকে শনাক্ত করা হবে কিনা সে সিদ্ধান্ত নেয়ার অধিকার আপনার রয়েছে। কিছু ক্ষেত্রে, গবেষক হয়তো আপনার প্রকৃত নাম ব্যবহার করতে পারবেন না, এমনকি আপনি সুস্পষ্টভাবে তা করতে বললেও, কারণ এটি গবেষণায় অংশগ্রহণকারী অন্য যারা নিজেদের শনাক্ত করতে বলেননি তাদেরকে শনাক্ত করে ফেলতে পারে।
- গবেষণা থেকে পাওয়া তথ্য কিভাবে ব্যবহার করা হবে তা জানার অধিকার আপনার রয়েছে।
- গবেষণা লব্ধ তথ্য সম্পর্কে আপনি কিভাবে জানতে পারবেন গবেষকরা সে সম্পর্কে আপনাকে স্পষ্টভাবে ব্যাখ্যা করবেন।

***গোপনীয়তা* হলো ব্যক্তিগত তথ্যের সুরক্ষা।**

- সংগৃহীত তথ্য নিরাপদে রাখার জন্য গবেষকের অবশ্যই কোনো উপায় থাকতে হবে যাতে অন্য কেউ সেটি জানতে না পারে।
- আপনার তথ্য কী পরিমাণ সময় ধরে সংরক্ষণ করা হবে এবং কারা সেটি জানতে পাবে তা জানার অধিকার আপনার রয়েছে।
- কোনো তৃতীয় পক্ষের কাছে এই তথ্য বিক্রি করার বা তাদেরকে প্রদান করার অনুমতি গবেষকের নেই।

© Christina Clark-Kazak, 2021. Translation by Access Alliance Language Services. CC BY-NC-SA 4.0. 

- কিছু কিছু ক্ষেত্রে, নিজের ক্ষতি করা অথবা অন্যদের ক্ষতি করা সম্পর্কিত তথ্য প্রকাশ করার জন্য গবেষকের নৈতিক বাধ্যবাধকতা থাকতে পারে। গোপনীয়তার এ ধরনের সীমাবদ্ধতা সম্পর্কে সম্মতিপত্রে সুস্পষ্টভাবে উল্লেখ করা থাকবে। যদি আপনার সন্দেহ থাকে, তাহলে জিজ্ঞেস করুন ! এছাড়াও আপনার সম্পর্কে সংগ্রহ করা সব তথ্য অজ্ঞাতনামা থাকার জন্য (নিচে দেখুন) জোর দিয়ে বলার অধিকার আপনার রয়েছে।
- কিছু ক্ষেত্রে, অপরাধমূলক ক্রিয়াকলাপ সম্পর্কে পুলিশের কাছে রিপোর্ট করার জন্য গবেষকের আইনি দায়বদ্ধতা থাকতে পারে। গোপনীয়তার এধরনের সীমাবদ্ধতা সম্পর্কে সম্মতিপত্রে সুস্পষ্টভাবে উল্লেখ করা থাকবে। যদি আপনার সন্দেহ থাকে, তাহলে জিজ্ঞেস করুন! এছাড়াও আপনার সম্পর্কে সংগ্রহ করা সব তথ্য অজ্ঞাতনামা থাকার জন্য জোর দিয়ে বলার অধিকার আপনার রয়েছে।
- অনলাইন জরিপের উত্তর দেয়ার সময়, আপনার এই বিষয়ে সচেতন থাকা উচিত যে কিছু কিছু দেশে, যেমন যুক্তরাষ্ট্রে, সার্ভারে সংরক্ষিত যেকোনো তথ্য সরকার জানতে পারে। এধরনের পরিস্থিতিতে গবেষক কিভাবে গোপনীয়তা ও একান্ততা সম্পর্কে নিশ্চয়তা প্রদান করবেন সে বিষয়ে জিজ্ঞেস করার অধিকার আপনার রয়েছে।

**অজ্ঞাতনামা *অবস্থার* অর্থ হলো শনাক্তকারী কোনো তথ্য নেই, যাতে গবেষণালব্ধ সুনির্দিষ্ট কোনো তথ্যের সাথে কোনো ব্যক্তির সংযোগ স্থাপন করা না যায়।**

- উপরে আলোচনা করা গোপনীয়তার সীমাবদ্ধতার একটি সমাধান আছে: এটি নিশ্চিত করার মাধ্যমে যে, এমন এক উপায়ে সংগ্রহ করা হবে যাতে কেউই—এমনকি গবেষকও—জানতে পারবে না যে তথ্যটি কার সাথে সংযুক্ত।

© Christina Clark-Kazak, 2021. Translation by Access Alliance Language Services. CC BY-NC-SA 4.0. 

- যদি আপনার অভিবাসনগত অবস্থা এখনো নিয়মিত করা না হয়ে থাকে, তাহলে গবেষক কিভাবে আপনার তথ্য অজ্ঞাতনামা থাকার বিষয়টি নিশ্চিত করবেন সে সম্পর্কে আপনার জিজ্ঞেস করা উচিত। অন্যথায়, গবেষণালব্ধ তথ্য আপনাকে ঝুঁকিতে ফেলতে পারে।

***কোনো ক্ষতি না করার জন্য গবেষকের বাধ্যবাধকতা* বলতে বোঝায় আপনার মঙ্গল, মর্যাদা, ও নিরাপত্তার বিষয়টি সবসময় বিবেচনা করা হবে।**

- যদি কোনো গবেষণা প্রক্রিয়ার কোনো এক পর্যায়ে গিয়ে আপনি অস্বস্তি বোধ করেন, তাহলে গবেষককে সেটা জানানোর অধিকার আপনার রয়েছে।
- যদি গবেষক আপনাকে অস্বস্তি বোধ করানো অব্যাহত রাখেন, তাহলে আপনার উচিত হবে আপনার বিশ্বস্ত কোনো ব্যক্তিকে (কোনো বন্ধু, পরিবারের কোনো সদস্য, সেটেলমেন্ট কর্মী, কমিউনিটির কোনো সদস্য) সেটা জানানো এবং আপনার উচিত গবেষকের REB-এর সাথে যোগাযোগ করা। সম্মতিপত্রে এই যোগাযোগের তথ্যের উল্লেখ থাকা উচিত। অথবা আপনি ইন্টারনেটে এই তথ্য খুঁজতে পারেন। সব বিশ্ববিদ্যালয়ে ও হাসপাতালে REB বা অনুরূপ কমিটি রয়েছে।
- আপনার সাথে যাতে সম্মানের সঙ্গে আচরণ করা হয় এবং আপনার সংস্কৃতি, ধর্ম, ও নৃতাত্ত্বিক (ethnic) ইতিহাসের প্রতি সম্মান দেখানো হয় সেই অধিকার আপনার রয়েছে।

© Christina Clark-Kazak, 2021. Translation by Access Alliance Language Services. CC BY-NC-SA 4.0.